সংবাদ

23 MAR 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# ৩২ নম্বর বাড়ি ও সুধাসদন নিয়ে বই প্রকাশ

সাংস্কৃতিক বার্তা পরিবেশক

রাজধানী ঢাকার ধানমন্ডির ৩২ নম্বর–এই উচ্চারণ কানে গেলেই প্রায় সবারই মনে পড়ে জাতির জনক বঙ্গবন্ধুর স্মৃতিধন্য সেই বাড়িটির কথা। যে বাড়ির দিকে মহান স্বাধীনতা আন্দোলনের সময় পুরোজাতিই তাকিয়ে থাকতো–কখন কি নির্দেশ ভেসে আসে। সেই ঐতিহাসিক '৩২ নম্বর'-এর বাড়িটি এবং 'সুধাসদন' নিয়ে এবার প্রকাশিত হলো একটি গ্রন্থ। গ্রন্থটির নাম '৩২ নম্বরের বাড়ি ও সুধাসদন : যে ইতিহাস সবার জানা দরকার'। বঙ্গবন্ধুর স্মৃতিধন্য অন্যতম স্থান রাজধানীর এই দুই ঐতিহাসিক বাড়ির নানাম সব দিক বই : পৃষ্ঠা : ২ ক : ৫

## বই : প্রকাশ

(১৬ পৃষ্ঠার পর)

নিয়ে বইটি রচনা করেছেন-ভিয়েনা প্রবাসী লেখক এম. নজরুল ইসলাম। বইটি প্রকাশ করেছে প্রকাশনা সংস্থা 'সুবর্ণ প্রকাশনী'।

এ উপলক্ষে গতকাল বিকেলে বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তনে অনুষ্ঠিত হয় প্রকাশনা উৎসব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যামিরিটাস ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর।

অনুষ্ঠানের শুরুতেই ছিল অতিথিদের ফুল দিয়ে বরণের পর্ব। শুরুতেই স্বাগত বক্তৃতা দেন সুবর্ণ প্রকাশনীর স্বত্বাধিকারী প্রকাশক আহমেদ মাহফুজুল হক। সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেন, ৩২ নম্বর বাড়ি-ঐতিহাসিক বাড়ি। পুরো জাতি এই বাড়ির দিকে অপেক্ষায় তাকিয়ে থাকতো, কারণ আমাদের মহান স্বাধীনতা আন্দোলনের সময় এই বাড়ি থেকেই আন্দোলনের নির্দেশনা ও ঘোষণা আসতো।

এম. নজরুল ইসলাম নিজের বইটি লেখার প্রেক্ষাপট সম্পর্কে বলেন, খালেদা জিয়া আদালতের রায়ে ক্যান্টমেন্টের বাড়ি থেকে বিতাড়িত হওয়ার পর বিএনপির কেউ কেউ বর্তমান প্রধানমন্ত্রীর ধানমন্ডির ৩২ নাম্বার বাড়ি ও সুধাসদন নিয়ে নানা প্রশ্ন তুলেছিল। সেই জিজ্ঞাসার জবাব খুঁজতে গিয়েই এই বই লেখা। বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক হিসেবে এক ধরনের দায়িত্ববোধ থেকে এই বইটি লিখেছি। এতে বঙ্গবন্ধু ও তার পরিবার নিয়ে নানা নতুন বিষয় উঠে এসেছে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিশিষ্ট সাংবাদিক তোয়াব খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান, চিত্রশিল্পী হাশেম খান, সাংবাদিক আবেদ খান, মুনতাসির মামুন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অভিনেতা ও লেখক পীযুষ বন্দ্যোপাধ্যায়।

সুবর্ণ প্রকাশনী থেকে প্রকাশিত '৩২ নম্বরের বাড়ি ও সুধাসদন : যে ইতিহাস সবার জানা দরকার' শীরোনামরে বইটির মূল্য ২০০ টাকা।